গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
ফুলছড়ি, গাইবান্ধা।
www.dss.fulchari.gaibandha.gov.bd

স্মারক নম্বর-৪১.০১.৩২২১.০০০.১৬.০৩৪.২২.৮৬ তারিখঃ ০২/০৪/২০২৩ খ্রিঃ

# সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা উপজেলা সমাজকল্যাণ সম্পার্কিত স্থায়ী কমিটির সম্মানিত সকল সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ০৫-০৪-২০২৩ খ্রিঃ তারিখে বেলা ১০:০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জনাব মোছাঃ আঞ্জু মনোয়ারা বেগম মেরী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যঃ
০১। পূর্ববর্তী সভার রেজুলেশন পাঠ ও অনুমোদন।
০২। সামাজিক নিরাপত্ত কর্মসূচি সম্পর্কিত আলোচনা।
০৩। বিবিধ।

(মানিক চন্দ্র রায়)
উপজেলা সমজসেবা অফিসার (অ:দা)
ফুলছড়ি, গাইবান্ধা।

জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
০১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।
০২। চেয়ারম্যান ১নং কঞ্চিপাড়া ইউনিয়ন পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।
০৩। চেয়ারম্যান ৫নং ফুলছড়ি ইউনিয়ন পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।
০৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলছড়ি, গাইবান্ধা।

# উপজেলা সমাজকল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভার তারিখ ঃ ০৫/০৪/২০২৩ খ্রিঃ।
সময় ঃ ১০:০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ফুলছড়ি।
সভাপতি ঃ জনাব মোছাঃ আঞ্জু মনোয়ারা বেগম মেরী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।

উপস্থিত সদস্য বৃন্দের নাম পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভাপতিত্ব সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচী মোতাবেক আলোচনা করার জন্য অনুরোধ করেন।

আলোচ্য সূচী ঃ
১। পূর্ব সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়করণ।
২। সামাজিক নিরাপত্তা কর্মসূচি সম্পর্কিত আলোচনা।

আলোচনা ১ঃ- সভার ১নং আলোচ্য সূচী বিষয়ে সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা মহোদয় সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ সভায় গত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন / সংযোজন / বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়।

আলোচনা ২ঃ- সভার ২ নং আলোচ্য সূচী বিষয়ে সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা বলেন যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় অসহায়, গরীব মেধাবী শিক্ষার্থী, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ, নদীভাঙ্গণে ক্ষতিগ্রস্থ, চিকিৎসা সহায়তায়আর্থিক সাহায্যের জন্য সমাজকল্যাণ পরিষদ হতে এককালিন আর্থিক অনুদান প্রদান করা হয়। এই অনুদান পাওয়ার জন্য উপজেলা সমাজসেবা কার্যালয় বরাবরে লিখিতভাবে আবেদন করতে হয় এই আবেদনগুলিউপজেলা সমাজকল্যাণ কমিটি কর্তৃক যাচাই বাছাই হওয়ার পরনির্বাচিত ব্যক্তিগণকে এককালিন অনুদানের জন্য জেলা কমিটিতে সুপারিশ করা হয়।সভাপতি সমাজের এই সকল অসহায় ব্যক্তিগণকে আবেদন করতেউৎসাহিত করার জন্য কমিটির সকল সদস্যগণকে অনুরোধ করেন।এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ সামাজিক নিরাপত্তা কর্মসূচির বিভিন্ন কার্যক্রমের পাশাপাশি অসহায়, গরীব মেধাবী শিক্ষার্থী, প্রাকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্থ, নদী ভাঙ্গণে ক্ষতিগ্রস্থ, চিকিৎসা সহায়তা উপলক্ষে আর্থিক সাহায্যের জন্য উপজেলা সমাজসেবা কার্যালয় বরাবরে আবেদন করার জন্য উৎসাহিত প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

বিবিধ বিষয়ে কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(মোছাঃ আঞ্জুমনোয়ারা বেগম মেরী)
সভাপতি
উপজেলা সমাজকল্যাণ পরিষদ সম্পর্কিত স্থায়ী কমিটি
ও
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান,
ফুলছড়ি, গাইবান্ধা ।

স্মারক নম্বর-৪১.০১.৩২২১.০০০.১৬.০৩৪.২২.

তারিখঃ ০৫-০৪-২০২৩

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলোঃ
০১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।
০২। চেয়ারম্যান ১নং কঞ্চিপাড়া ইউনিয়ন পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।
০৩। চেয়ারম্যান ৫নং ফুলছড়ি ইউনিয়ন পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।
০৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলছড়ি, গাইবান্ধা।

(মানিক চন্দ্র রায়)
উপজেলা সমজসেবা অফিসার(অ:দা)
ও
সদস্য সচিব
উপজেলা সমাজকল্যাণ পরিষদ সম্পর্কিত স্থায়ী কমিটি
ফুলছড়ি, গাইবান্ধা।

উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যদের নাম, পদবী ও স্বাক্ষরঃ

তারিখঃ ০৫-০৪-২০২৩খ্রিঃ
সময়ঃ সকাল ১০.০০ মিনিটে

| ক্রঃ নং | উপস্থিত সদস্যদের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা। | সভাপতি | |
| ০২ | চেয়ারম্যান ১নং কঞ্চিপাড়া ইউনিয়ন পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা। | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান ৫নং ফুলছড়ি ইউনিয়ন পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা। | সদস্য | |
| ০৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলছড়ি, গাইবান্ধা। | সদস্য | |
| ০৫ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলছড়ি, গাইবান্ধা। | সদস্য সচিব | |